(গ) রোমান্টিকতার লক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করো।

*অথবা*

(ঘ) পরাবাস্তববাদের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও এই শ্রেণির সাহিত্য সম্পর্কে আলোচনা করো।

(ঙ) বাস্তববাদ (Realism) সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

(চ) প্লেটোর সাহিত্যতত্ত্ব সম্পর্কে আলোচনা করো।

(ছ) সাহিত্য বিচারের ক্ষেত্রে তুলনামূলক সমালোচনা পদ্ধতির গুরুত্ব আলোচনা করো।

*অথবা*

(জ) সাহিত্যতত্ত্ব ও ভাষাতত্ত্ব সম্পর্কে দান্তের অভিমত ব্যক্ত করো।

★★★





**2024**

BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-6026

( পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "শিল্প বা সাহিত্যকর্ম হলো 'অনুকৃতি' বা _____."
(impression/imagination/imitation)
(শুদ্ধ উত্তরটি বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো)

(খ) সুইফ্‌ট রচিত বহুপঠিত ব্যঙ্গ-রূপকটির নাম কী?

(গ) কে রোমান্টিকতা বলতে বুঝিয়েছেন 'প্রকৃতির অভিমুখে প্রত্যাবর্তন'–The return to Nature?

(ঘ) 'লিরিক্যাল ব্যালাডস' নামক সংকলনটি কবে প্রকাশিত হয়েছিল?

(ঙ) ফ্রয়েড মানবমনের যে তিনটি স্তরের উল্লেখ করেছেন তার মধ্যে কোনটি সর্বাপেক্ষা মৌলিক স্তর?

(চ) *The Canterbury Tales* গ্রন্থের রচয়িতার নাম হল—জে.সি স্ক্যালিজার/চসার/বালজাক।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ছ) জীবনের রূঢ় ও কঠিন বাস্তবতার বিশ্বস্ত চিত্রণ বোঝাতে 'রিয়ালিজম' শব্দটি প্রথমে কোন্ দেশে ব্যবহৃত হয়?

(জ) *On the Sublime* গ্রন্থটি লঞ্জাইনাসের কোন্ গ্রন্থের ইংরেজি অনুবাদ?

(ঝ) *Histoire de la Literature Anglaise* গ্রন্থের লেখকের নাম কী?

(ঞ) ক্রোচে-র সম্পূর্ণ নাম কী?

২। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) *Essay on Criticism* গ্রন্থের প্রকাশকাল ও রচয়িতার নাম উল্লেখ করো।

(খ) রোমান্টিক আন্দোলনের একজন জার্মান লেখক ও একজন ফরাসি লেখকের নাম লেখো।

(গ) তোমার পাঠ্যাংশে উল্লেখ থাকা জীবনানন্দ দাশের কোন্ দুটি কবিতায় পরাবাস্তববাদের ভাবনা ও শৈলী ফুটে উঠেছে?

(ঘ) বাস্তববাদী ধারার নাট্যকার ইবসেনের দুটি নাটকের নাম লেখো।

(ঙ) সাহিত্যের স্বরূপ সম্বন্ধে লঞ্জাইনাস যে পাঁচটি সিদ্ধান্তে এসে পৌঁছেছেন তার যে কোনো দুটির নাম লেখো।





৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'নব্য-ধ্রুপদী' যুগের সাহিত্য সম্পর্কে আলোচনা করো।

(খ) রোমান্টিক কবি কোলরিজ 'Esemplastic power' বলতে কী বুঝিয়েছেন, সংক্ষেপে লেখো।

(গ) শক্তি চট্টোপাধ্যায়ের 'জরাসন্ধ' কবিতায় 'পরাবাস্তববাদ'—এর চিত্র কীভাবে ফুটে উঠেছে, বুঝিয়ে লেখো।

(ঘ) উদাহরণসহ বাস্তববাদের সংজ্ঞা দাও।

(ঙ) সাহিত্যতাত্ত্বিক লঞ্জাইনাসের অভিমতগুলি সংক্ষেপে আলোচনা করো।

(চ) টীকা লেখো : ড্রাইডেন

৪। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×৪=৪০

(ক) উদাহরণসহ ক্লাসিসিজমের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

*অথবা*

(খ) রোমান্টিক আন্দোলনের সূত্রপাত কোথায় হয়েছিল এবং এই আন্দোলন কীভাবে বিস্তার লাভ করেছিল সে সম্পর্কে আলোচনা করো।